



মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালাী, মাগুরা

নিয়োগ বিজ্ঞপ্তি

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতিতে “দৈনিক মজুরী” ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে মহিলাদের জন্য সংরক্ষিত “বিলিং সহকারী” পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা সম্পন্ন কেবলমাত্র মাগুরা জেলায় স্থায়ীভাবে বসবাসরত মহিলা নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূর্ণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নে পদের নামের পার্শ্বে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়স সীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করা হলোঃ

ক্রঃ নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী
০১	বিলিং সহকারী “দৈনিক মজুরী ভিত্তিতে” (মহিলাদের জন্য সংরক্ষিত)	০৫ (পাঁচ) টি কম বা বেশী হতে পারে।	২৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর।	(ক) এইচ, এস, সি বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞান সহ কম্পিউটার এবং দাপ্তরিক অন্যান্য ক্ষমপাতি পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। (গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০টি শব্দ Microsoft Word টাইপ করতে সক্ষম হতে হবে।	দৈনিক ৮০০.০০ (আট শত) টাকা।

- ০১। নির্ধারিত আবেদন ফরম (ভার্সন-১) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (www.pbs.magura.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২/ভার্সন-০১) ডাউন লোড করে সংগ্রহ করতে হবে (পূর্ণযোগ্য প্রবেশপত্রসহ)। আবেদন ফরম A-4 সাইজের কাগজে হতে হবে।
- ০২। ডাউনলোডকৃত আবেদন ফরমটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফরম (ভার্সন-১) ব্যতীত অন্য কোন আবেদন ফরম এ আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৩। আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ না করা হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদন পত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে “প্রযোজ্য নয়” উল্লেখ করতে হবে।
- ০৪। প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্র (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়), কম্পিউটার পরিচালনার সার্টিফিকেট/ অভিজ্ঞতা সনদ, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম ও পদবী সম্বলিত সীল) হতে হবে এবং জেনারেল ম্যানেজার, মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালাী, মাগুরা এর অনুকূলে ২০০.০০ (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ০৫। বর্ণিত শূন্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালীন সময়ে কম/বেশী হতে পারে।
- ০৬। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ/অসত্য/ অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।
- ০৭। একজন প্রার্থী একের অধিক আবেদন করতে পারবেন না।
- ০৮। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ কোনক্রমেই স্থায়ী করা হবে না। যতদিন প্রয়োজন “দৈনিক মজুরী” ভিত্তিক এ নিয়োগ বলবৎ থাকবে।
- ০৯। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই/নির্বাচিত করা হবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১১। আবেদনপত্র আশাশী ২৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না।
- ১২। পরীক্ষার সময়সূচি আবেদনকারীকে প্রবেশপত্র-এ “অফিস কর্তৃক পূর্বসূচী” অংশের মাধ্যমে ডাকযোগে জানানো হবে।
- ১৩। প্রার্থীকে খামের উপর নিজ জেলা ও পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার, মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালাী, মাগুরা বরাবর আবেদনপত্র প্রেরণ করতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার, মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি।